আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রিয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নং-০৬/২০২২ তারিখঃ ১৫ ডিসেম্বর ২০২২

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

**বিষয় :- ২০২২-২০২৩ অর্থবছরের অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী নির্দেশিকা।**

ব্যাংকের ২০২২-২০২৩ অর্থবছরের অর্ধ-বার্ষিক হিসাব ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে সমাপন করতে হবে। সিবিএস (CBS) এর আওতাধীন শাখাসমূহ অত্র সমাপনী নির্দেশনা অনুসরণের পাশাপাশি আইসিটি বিভাগের সহায়ক নির্দেশনা পরিপালনের মাধ্যমে বার্ষিক হিসাব সমাপন করবে। এতদউদ্দেশ্যে নিম্নোক্ত অনুচ্ছেদের নির্দেশিকা অনুসরণ করতে হবে।

**০১। নগদ ও নগদজাতীয় (কোড নং ৩০১০০০০০) : (পরিশিষ্ট '১')** হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ পরিপালন করতে হবে।
**০২। ব্যাংকে জমা (কোড নং ৩০২০০০০০) : (পরিশিষ্ট '২' ও '৩')**

| অনুচ্ছেদ নং | পরিপত্র নং |
|---|---|
| (ক) | হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ পরিপালন করতে হবে। |
| (খ) | |

(গ) সার্ভিসিং ব্যাংকে রক্ষিত হিসাবের স্থিতির বিপরীতে সার্ভিসিং ব্যাংক কর্তৃক প্রদত্ত সুদ হতে কর্তিত উৎসে কর **(সুদের ২০%)** বাবদ সংশ্লিষ্ট সার্ভিসিং ব্যাংক হিসাবের উপ-খাত ক্রেডিট এবং ৩০৮০১০৬২ (উৎসে কর কর্তন) খাত ডেবিট করতে হবে। পরবর্তীতে, হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে।

**০৩। ঋণ ও অগ্রিম (কোড নং ৩০৪০০০০০) : (পরিশিষ্ট '৬')** হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে।

**০৪। কর্মী অগ্রিম (কোড নং ৩০৫০০০০০) : (পরিশিষ্ট '৪')**

হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুসরণ করে আসলের স্থিতির উপর দৈনিক প্রডাক্টের ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদ নির্ণয় করতে হবে। সুদ নির্ণয়ের পর সুদের সংশ্লিষ্ট উপ-খাত ডেবিট এবং সংশ্লিষ্ট কর্মী অগ্রিমের সুদ আয় খাত ক্রেডিট করতে হবে। **কোনো অবস্থাতেই নির্ণয়কৃত সুদ রিভার্স করা যাবে না।**

**০৫। স্থাবর ও অস্থাবর সম্পত্তি (কোড নং ৩০৭০০০০০) : (পরিশিষ্ট '৭' ও '৮')**

**(ক)** পূর্ববর্তী হিসাব সমাপনীর তারিখ পর্যন্ত ক্রয়কৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির ক্রয় মূল্যের উপর সংশ্লিষ্ট **০৬ মাসের** এবং বর্তমান অর্থবছরে ক্রয়কৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয়ের তারিখ হতে অবশিষ্ট দিনের উপর **সরল রৈখিক/হার** পদ্ধতিতে নিম্নবর্ণিত হারে পূর্ণ টাকার অংকে অবচয় সঞ্চিতি করতে হবে।
(খ) হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে। **কোনো অবস্থাতেই নির্ণয়কৃত অবচয় রিভার্স করা যাবে না।**

| অনুচ্ছেদ নং | হিসাব খাত | পরিশিষ্ট নং | পরিপত্র নং |
|---|---|---|---|
| ০৬। | মুদ্রিত মনিহারী দ্রব্যাদি (কোড নং ৩০৮০৪০১০) | ৯ | হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে। |
| ০৭। | সাসপেন্স হিসাব (কোড নং ৩০৮০৫০০০) | ১০ | |
| ০৮। | আদায়যোগ্য হিসাব (কোড নং ৩০৮০১০০০ এর উপখাতসমূহ এবং ৩০৮০২০০০) | ১১ | |

**০৯। আমানতসমূহ (কোড নং-১১১০০০০০):**

শাখা নিয়ন্ত্রণ বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত সার্কুলার দ্বারা নির্ধারিত হারে এবং নীতিমালা অনুযায়ী আমানতের উপর যথাযথভাবে সুদ ধার্য করতে হবে। অর্থ আইন ২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপিত আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ এফ (৪) ধারায় প্রতিস্থাপিত বিধান অনুসারে নিম্নোক্ত হারে উৎসে কর কর্তন করে কোড ১১৯১৪০০২ খাতে সংরক্ষণ করতে হবে। ETIN, Proof of Submission Return (PSR) বা আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র/সনদ ও মোবাইল ফোন নম্বর লেজারের সংশ্লিষ্ট পাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে। উল্লেখ্য, শাখা কর্তৃক আমানতে প্রদত্ত সুদ হতে কর্তিত উৎসে কর সরকারি কোষাগারে জমা করার নিমিত্তে বর্ণনামত অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

| ক্রঃ নং | প্রাপক | PSR জমা দিলে উৎসে করের হার | PSR জমা না দিলে উৎসে করের হার |
|---|---|---|---|
| ১ | প্রাপক যদি কোম্পানি হয় | ২০% | ৩০% |
| ২ | প্রাপক যদি কোম্পানি ব্যতীত ব্যক্তি বা প্রতিষ্ঠান হয় | ১০% | ১৫% |
| ৩ | প্রাপক যদি সরকারি বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান যা সরকার ও গভর্ণিং বডি কর্তৃক অনুমোদিত, চার্টার্ড একাউন্ট্যান্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট ও চার্টার্ড সচিবালয় হয় | ১০% | ১৫% |
| ৪ | স্বীকৃত ভবিষ্যত তহবিল, অনুমোদিত গ্র্যাচুইটি তহবিল, পেনশন ও আনুতোষিক তহবিল হয় | ৫% | ৭.৫০% |

২৯ ডিসেম্বর ২০২২ তারিখের স্থিতির ভিত্তিতে সকল আমানতের ব্যালেন্সিং করে সাবসিডিয়ারী লেজারের সংশ্লিষ্ট উপ-খাতের সাথে মিলাতে হবে।

| অনুচ্ছেদ নং | হিসাব খাত | পরিপত্র নং |
|---|---|---|
| ক | চলতি আমানত (কোড ১১১০১০০০) | হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে। |
| খ | সঞ্চয়ী আমানত(কোড ১১১০৩০০০) | |
| গ | বঙ্গবন্ধু সঞ্চয়ী আমানত (কোড নম্বর ১১১১৪০০০) | |
| ঘ | নারী আমানত (কোড ১১১১৩০০০) | |
| ঙ | প্রবাস আমানত (কোড ১১১১২০০০) | |
| চ | বিশেষ/ক্ষুদ্র সঞ্চয় কর্মসূচী (কোড ১১১০৮০০০) | |
| ছ | মেয়াদী আমানত (কোড ১১১০৬০০০) | |

**(ঝ) আমানত দ্বিগুন বৃদ্ধি প্রকল্প (কোড ১১১০৯০০০)-** নির্ধারিত হারে মেয়াদান্তে/বছরপূর্তিতে সুদ প্রদান করতে হবে। কর্তিত উৎসে কর ১১৯১৪০০২ খাতে জমা করতে হবে। এতদ্ব্যতীত বছরপূর্তির পর হতে ২৯ ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রদেয় সুদ নির্ণয় করে ৯৯১১০১০৮ খাত ডেবিট ও ১১৯০৩০০৮ খাত ক্রেডিট করতে হবে। পরবর্তীতে মেয়াদান্তে/বছরপূর্তিতে উক্ত ১১৯০৩০০৮ খাত ও অবশিষ্ট সময়ের জন্য সুদ নির্ণয় করে ৯৯১১০১০৮ খাত ডেবিট করে সুদ প্রদান এবং বিধি মোতাবেক মোট প্রদত্ত সুদের উৎসে কর কর্তন করতে হবে।

**(ঞ) স্পেশাল ডিপোজিট পেনশন স্কীম (কোড ১১১০৭০০০) -** সাবসিডিয়ারী লেজার হতে প্রতি মাসের সর্বোচ্চ স্থিতি নিয়ে মাসিক প্রডাক্টের ভিত্তিতে নির্ধারিত হারে উপচিত (accrued) সুদ নির্ণয় করতে হবে। অতঃপর ৯৯১১০১০৬ খাত ডেবিট ও ১১৯০৩০০৬ খাত ক্রেডিট করে ব্যয়ের প্রভিশন করতে হবে যা পরবর্তী কার্যদিবসে রিভার্স করতে হবে।

**(ট) হজ্জ্ব সহায়ক ডিপোজিট প্রকল্প (কোড ১১১১০০০০)-** নির্ধারিত হারে মেয়াদান্তে/বছরপূর্তিতে সুদ প্রদান করতে হবে। কর্তিত উৎসে কর ১১৯১৪০০২ খাতে জমা করতে হবে। এতদ্ব্যতীত বছরপূর্তির পর হতে ২৯ ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রদেয় সুদ নির্ণয় করে ৯৯১১০১০৯ খাত ডেবিট ও ১১৯০৩০০৯ খাত ক্রেডিট করতে হবে। পরবর্তীতে মেয়াদান্তে/বছরপূর্তিতে উক্ত ১১৯০৩০০৯ খাত ও অবশিষ্ট সময়ের জন্য সুদ নির্ণয় করে ৯৯১১০১০৯ খাত ডেবিট করে সুদ প্রদান এবং বিধি মোতাবেক মোট প্রদত্ত সুদের উৎসে কর কর্তন করতে হবে।

**(ঠ) লাখপতি ডিপোজিট স্কীম (কোড ১১১১১০০০)-** নির্ধারিত হারে মেয়াদান্তে/বছরপূর্তিতে সুদ প্রদান করতে হবে। কর্তিত উৎসে কর ১১৯১৪০০২ খাতে জমা করতে হবে। এতদ্ব্যতীত বছরপূর্তির পর হতে ২৯ ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রদেয় সুদ নির্ণয় করে ৯৯১১০১১০ খাত ডেবিট ও ১১৯০৩০১০ খাত ক্রেডিট করতে হবে। পরবর্তীতে মেয়াদান্তে/বছরপূর্তিতে উক্ত ১১৯০৩০১০ খাত ও অবশিষ্ট সময়ের জন্য সুদ নির্ণয় করে ৯৯১১০১১০ খাত ডেবিট করে সুদ প্রদান এবং বিধি মোতাবেক মোট প্রদত্ত সুদের উৎসে কর কর্তন করতে হবে।

**১০। আবগারী শুল্ক কর্তনের হার :-**

জাতীয় রাজস্ব নীতিমালা মোতাবেক প্রত্যেক **আমানত এবং ঋণ হিসাবের** বিপরীতে প্রতি পঞ্জিকা বর্ষে অথবা তার অংশের জন্য একবার ধাপ অনুযায়ী আবগারী শুল্ক কর্তনের বিধান থাকায় গতিবছর ডিসেম্বর মাসে ও হিসাব বন্ধকালে আবগারী শুল্ক কর্তন করার নিয়ম আছে। তৎপ্রেক্ষিতে ০১ জানুয়ারী ২০২২ হতে ২৯ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বন্ধকৃত হিসাবের বিপরীতে যথারীতি কর্তিত আবগারী শুল্ক সরকারি কোষাগারে জমা করার নিমিত্তে প্রধান কার্যালয়ে নির্দেশনামত প্রেরণ করতে হবে। উল্লেখ্য, এসআরও নং-১৬২-আইন/২০২২/১৭৫-আবগারী তারিখ ০১ জুন ২০২২ মোতাবেক ০১ জুলাই ২০২২ হতে নিম্নের তালিকা মোতাবেক পরিবর্তিত নীতিমালা ও পুনঃনির্ধারিত হারে নিম্নরূপ আবগারী শুল্ক কর্তনের নির্দেশনা রয়েছে।

(প্রকৃত টাকায়)

| ক্র: নং | সর্বোচ্চ ক্রেডিট/ডেবিট স্থিতির পরিমান | আবগারী শুল্কের পুনঃ নির্ধারিত হার |
|---|---|---|
| (১) | ১,০০,০০০/-টাকা পর্যন্ত | শূণ্য |
| (২) | ১,০০,০০১/-টাকা থেকে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত | ১৫০ |
| (৩) | ৫,০০,০০১/-টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত | ৫০০ |
| (৪) | ১০,০০,০০১/-টাকা থেকে ১,০০,০০,০০০/-টাকা পর্যন্ত | ৩,০০০ |
| (৫) | ১,০০,০০,০০১/-টাকা থেকে ৫,০০,০০,০০০/-টাকা পর্যন্ত | ১৫,০০০ |
| (৬) | **৫,০০,০০,০০১/-টাকা থেকে তদুর্ধ্ব** | **৫০,০০০** |

| অনুচ্ছেদ নং | হিসাব খাত | পরিশিষ্ট নং | পরিপত্র নং |
|---|---|---|---|
| ১১। | ভবন ভাড়া সম্পর্কিত উৎসে কর ও ভ্যাট | | হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে। |
| ১২। | বৈতনিক আয়কর এবং কর্তিত ভ্যাট-ট্যাক্স-আবগারি শুল্ক জমাকরণ: (পরিশিষ্ট '১২' ও '১৩') | ১২ ও ১৩ | |
| ১৩। | কর্মী তহবিল সংক্রান্ত (কোড নং- ১১৮০০০০০) | | |
| ১৪। | অন্যান্য দায় দেনা (কোড নং-১১৯০০০০০) | | |
| | (ক) শেয়ার বিক্রয় এবং ঋণ বীমা তহবিল | | |
| | (খ) প্রদানযোগ্য হিসাব (বিবিধ হিসাব, কোড ১১৯৯৯০০০) | ১৪ | |

**১৫। আন্তঃশাখা লেনদেন (কোড নং ১১৬০০০০০) : (পরিশিষ্ট '১৫')**

(ক) হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে।

- প্রধান কার্যালয় হতে গৃহিত কর্জের ক্ষেত্রে- ৪% হারে সুদ ধার্য করা।
- প্রধান কার্যালয়কে প্রদত্ত কর্জের ক্ষেত্রে- ৪% হারে সুদ ধার্য করা।

| অনুচ্ছেদ নং | পরিপত্র নং |
|---|---|
| (খ) | হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে। |
| (গ) | |

(ঘ) অপরদিকে এবিইউবি সাধারণ হিসাবের ডেবিট স্থিতির বিপরীতে নির্ণয়কৃত সুদের জন্য আয় উপ-খাত ২৯০৪০৬০০ ক্রেডিট এবং সমপরিমান টাকা ৩০৬০৫০০০ খাতে ডেবিট করতে হবে। উক্ত এন্ট্রিসমূহ পরবর্তী কার্যদিবসে রিভার্স করতে হবে। **অর্ধ-বছরের হিসাব সমাপণীতে প্রভিশনাল লাভ-লোকসান হিসাব নির্ণয় করতে হবে না বিধায় কোন অবস্থাতেই প্রধান কার্যালয়ে এডভাইস প্রেরণ করা যাবে না।**

(ঙ) হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে।

**১৬। ব্যয় হিসাব (কোড নং ৯৯০০০০০০) :** হিসাব পরিপত্র নং-১০/২০২১ তারিখ ১৯ ডিসেম্বর ২০২১ পরিপালন করতে হবে

**১৭। প্রধান কার্যালয় কর্তৃক বহনযোগ্য ব্যয় সংক্রান্ত : (পরিশিষ্ট '১৬')**

| অনুচ্ছেদ নং | পরিপত্র নং | সময়কাল |
|---|---|---|
| ক. | হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ অনুযায়ী হিসাবায়ন করতে হবে। | জুলাই, ২০২২- ডিসেম্বর, ২০২২ |
| খ. | | |
| গ. | | |

| অনুচ্ছেদ নং | হিসাব খাত | পরিপত্র নং |
|---|---|---|
| ১৮। | আয় হিসাব (কোড নং ২৯০০০০০০) | হিসাব পরিপত্র নং-১০/২০২১ তারিখ ১৯ ডিসেম্বর ২০২১ পরিপালন করতে হবে |
| ১৯। | লাভ-লোকসান নিরুপণ | |
| ২০। | মাসিক এফেয়ার্স ও লেজার ব্যালেন্স বিবরণী প্রস্তুত | |
| ২১। | অন্যান্য নির্দেশনাবলি | হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ পরিপালন করতে হবে |

**২২। বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত এডভাইস ও বিবরণী প্রেরণ :**

শাখা এবং আঞ্চলিক কার্যালয় বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত এডভাইস ও বিবরণীসমূহ নিম্নোক্ত ধাপে এবং সময়সীমা মোতাবেক যথাক্রমে আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

**ক) প্রথম ধাপ:** হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ পরিপালন এবং ২৭.১২.২০২২ তারিখে অত্র বিভাগে প্রেরন করতে হবে।

**খ) দ্বিতীয় ধাপ:**

- **এডভাইসসমূহ:**

হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ এ বর্ণিত এবং আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা ব্যতিত অন্যান্য শাখাসমূহ তহবিলের অর্থ পূর্বনির্দেশনামত তহবিল/বিষয় ভিত্তিক **আলাদা** এডভাইসযোগে (বিবরণীসহ) ২৯.১২.২০২২ তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা উহা নির্দেশ মোতাবেক একত্রীকরণ করে তহবিল/বিষয় ভিত্তিক **আলাদা** এডভাইসযোগে (বিবরণীসহ) ০৩.০১.২০২৩ তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয় মারফত অত্র বিভাগের ইমেইলে প্রেরণ করবে।

- **বিবরণীসমূহ:**

আন্ত:শাখা লেনদেন হিসাবের মিলকরণ (Reconciliation) করার নিমিত্তে শাখাসমূহ ১১৬০৩০০০ ও ১১৬০৪০০০ তথ্য/বিবরণীসমূহ ২৯.১২.২০২২ তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে এবং আঞ্চলিক কার্যালয় উহা একত্রীকরণপূর্বক ২৯.১২.২০২২ তারিখে সফট কপি ই-মেইলযোগে এবং ০৩.০১.২০২৩ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে হার্ডকপি প্রেরণ করবে।

গ) তৃতীয় ধাপ:
শাখাসমূহ সমাপনীপূর্ব এফেয়ার্স নির্দিষ্ট ফরমেটে ০৩.০১.২০২৩ তারিখে মধ্যাহ্নের মধ্যে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে এবং আঞ্চলিক কার্যালয় অঞ্চলাধীন সকল শাখার এফেয়ার্স একত্রীকরণপূর্বক নির্দিষ্ট ফরমেটে ০৫.০১.২০২৩ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করবে।

ঘ) চতুর্থ ধাপ:
হিসাব পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১২ জুন ২০২২ এ বর্ণিত অন্যান্য বিবরণী সমূহ আঞ্চলিক কার্যালয়ে ০৮.০১.২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং আঞ্চলিক কার্যালয় সকল বিবরণীর সঠিকতা নিশ্চিত হয়ে একত্রীকরণ/শ্রেণীকরণ করে অত্র বিভাগে ১৫.০১.২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করবে।

২৩। অন্যান্য নির্দেশনা :
**২৯ ডিসেম্বর ২০২২** তারিখে অথবা সরকারি ঘোষণায় নির্ধারিত তারিখে অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ২০২২-২০২৩ সম্পন্ন করতে হবে। এ হিসাব সমাপনী সংক্রান্ত বিষয়ে কোনরূপ অস্পষ্টতা দেখা দিলে তাৎক্ষনিক এ বিভাগের সাথে সরাসরি ফোনে/ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে। ফোন নম্বর-০২৪৮৩১৯৭৫২, Email: avubacc@gmail.com

অনুমোদনক্রমে,
১৫.১২.2022
(মোঃ আঃ আলীম)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন ০২-৪৮৩১৯৭৫২
ই-মেইল-avubacc@gmail.com

**সংযুক্তি-** যথাবর্ণিত।

সূত্র নং-১/১১/১৬৭/৩৬৪৪

তারিখ: ১৫ ডিসেম্বর ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :-**

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (রেকর্ড), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁদেরকে স্ব স্ব বিভাগের আওতায় ২৯.১২.২০২২ তারিখ পর্যন্ত প্রদেয় মূলধন ও রাজস্ব ব্যয়ের প্রভিশন সংক্রান্ত তথ্য (যদি থাকে) ২৯.১২.২০২২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো। বিভাগ প্রধান, সাধারণ সেবা ও আইসিটি বিভাগকে স্থাবর-অস্থাবর সম্পত্তির অবচয় নিরূপনে এবং ব্যালেন্সিং এ এফেয়ার্সে বিদ্যমান স্থিতির সাথে মিল রাখার জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে সিবিএস শাখাসমূহের ক্লোজিং ২৯.১২.২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের এবং পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ।
৬। প্রজেক্ট ম্যানেজার, ইনফিনিটি টেকনোলজি ইন্টারন্যাশনাল লিমিটেড, মিরপুর ডিওএইচএস।

১৫.১২.২০২২
(মোঃ মাইনুল ইসলাম)
প্রিন্সিপাল অফিসার
ফোন-০২-৪৮৩১৩১৪৭